

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৪৩৯৫  
খোয়াই, ৩০ ডিসেম্বর, ২০২৩

বিকশিত ভারত সংকল্প যাত্রা  
তুলাশিখর ব্লকে সুশাসন শিবির

বিকশিত ভারত সংকল্প যাত্রা এবং প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানে তুলাশিখর ব্লকের রাজনগর দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে গতকাল দু'দিনব্যাপী সুশাসন শিবির অনুষ্ঠিত হয়। এই শিবিরের উদ্বোধন করেন খোয়াই জিলা পরিষদের সভাপতি জয়দেব দেববর্মা। শিবিরে খোয়াই মহকুমা শাসক কার্যালয়ের পক্ষ থেকে ২০৭টি পিআরটিসি, ২৩৭টি এসটি, ৫১টি ম্যারেজ সার্টিফিকেট, ৫৪টি ইনকাম, ১৪৮টি আধার কার্ড, ৪৯টি রেশন কার্ডের জন্য আবেদনপত্র জমা নেওয়া হয়। শিবিরে ত্রিপুরা গ্রামীণ জীবিকা মিশন ৩টি স্বসহায়ক দলকে ৬ লক্ষ টাকার ঋণের চেক দেওয়া হয়। এছাড়াও ব্লকের পক্ষ থেকে শিবিরে প্রধানমন্ত্রী জনজাতি আদিবাসী ন্যায় মহাভিযান প্রকল্পে পূর্ব রাজনগর এডিসি ভিলেজের ফলকা বাড়িতে বসবাসরত ২৬টি রিয়াং পরিবারকে জল সংরক্ষণের জন্য ৫০০ লিটার ক্ষমতা সম্পন্ন জলের ট্যাঙ্ক, ৩৮টি জব কার্ড বিতরণ করা হয়। ১৮৪টি আর ও আর পাওয়ার আবেদনপত্র জমা নেওয়া হয়। প্রধানমন্ত্রী আবাস যোজনার সুবিধাভোগীদের বিভিন্ন কিস্তির টাকা চেক তুলে দেওয়া হয়।

শিবিরে কৃষি ও কৃষক কল্যাণ দপ্তর থেকে ১৮৩ জনকে বিভিন্ন সজ্জি ও ফুলের বীজ, বন দপ্তর থেকে ৯১ জনকে বিভিন্ন গাছের চারা বিতরণ করা হয়। সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের পক্ষ থেকে ২০৫ জন মহিলাকে পুষ্টি কিটস বিতরণ করা হয়। প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনায় ১০৭ জনকে হেলথ কার্ডের জন্য আবেদনপত্র জমা দেওয়া হয়। প্রানী সম্পদ বিকাশ দপ্তরের পক্ষ থেকে স্থানীয় প্রানী পালকদের ১ হাজার ৮৩৫টি গবাদি প্রানীর জন্য বিনামূল্যে ঔষুধ দেওয়া হয়। বিকাশ শিবিরে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন তুলাশিখর বিএসি'র চেয়ারম্যান সোতাম্বর দেববর্মা, ব্লক আধিকারক মানস মুড়াসিং প্রমুখ।

\*\*\*\*\*